

নূহ | Nuh | نُوح

আয়াতঃ ৭১ : ২৬

আরবি মূল আয়াত:

وَقَالَ نُوحٌ رَبِّ لَا تَذَرْ عَلَى الْأَرْضِ مِنَ الْكَافِرِينَ دَيَّارًا ﴿٢٦﴾

অনুবাদসমূহ:

আর নূহ বলল, ‘হে আমার রব! যমীনের উপর কোন কাফিরকে অবশিষ্ট রাখবেন না’। — আল-বায়ান

নূহ বলল, ‘হে আমার রব! ভূপৃষ্ঠে বসবাসকারী কাফিরদের একজনকেও তুমি রেহাই দিও না। — তাইসিরুল

নূহ আরও বলেছিলঃ হে আমার রব! পৃথিবীতে কাফিরদের মধ্য হতে কোন গৃহবাসীকে অব্যাহতি দিওনা। — মুজিবুর রহমান

And Noah said, "My Lord, do not leave upon the earth from among the disbelievers an inhabitant. — Sahih International

২৬. নূহ আরও বলেছিলেন, হে আমার রব! যমীনের কাফিরদের মধ্য থেকে কোন গৃহবাসীকে অব্যাহতি দেবেন না।(১)

(১) আয়াতটির এক অর্থ হচ্ছে, যমীনে বিচরণকারী কাফিরদের কাউকে রেহাই দিবেন না। [মুয়াসসার। অপর অর্থ আপনি যমীনের বুকে কোন গৃহবাসী কাফিরকে অবশিষ্ট রাখবেন না। [জালালাইন] কাতাদাহ রাহেমাহুল্লাহ বলেন, তিনি ঐ সময় পর্যন্ত তাদের উপর বদদো‘আ করেননি যতক্ষণ তার কাছে (أَنَّهُ لَنْ يُؤْمِنَ مِنْ قَوْمِكَ إِلَّا مَنْ قَدْ آمَنَ “যারা ঈমান এনেছে তারা ছাড়া আপনার সম্প্রদায়ের অন্য কেউ কখনো ঈমান আনবে না। কাজেই তারা যা করে তার জন্য আপনি দুঃখিত হবেন না।” [সূরা হূদ: ৩৬] এ বাণী তাকে শুনিয়ে দেয়া হয়েছে। যখন তিনি স্পষ্টই জানতে পারলেন যে, তারা আর ঈমান আনবে না তখন তিনি এ দোআ করেছিলেন। [কুরতুবী]

তাকসীরে জাকারিয়া

(২৬) নূহ আরো বলেছিল, ‘হে আমার প্রতিপালক! পৃথিবীতে অবিশ্বাসীদের মধ্য হতে কাউকেও অবশিষ্ট রেখো না। [1]

[1] নূহ (আঃ) এই বদুআ তখন করেছিলেন, যখন তিনি তাদের ঈমান আনার ব্যাপারে একেবারে নিরাশ হয়ে গেলেন এবং আল্লাহও তাঁকে জানিয়ে দিলেন যে, ওদের মধ্য হতে আর কেউ-ই ঈমান আনবে না। (সূরা হূদঃ ৩৬ আয়াত) فَيَعَالُ دَيَّارُ এর ওজনে। আসলে ছিল دَيَّارُ তারপর يٰ কে দ্বারা পরিবর্তন করে সন্ধি করে দেওয়া

হয়। এর অর্থ: مَنْ يَسْكُنُ الدِّيَارَ (গৃহবাসী) অর্থাৎ, কোন গৃহবাসীকে অর্থাৎ, কাউকেও ছেড়ে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5445>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন